

10

### কৃষি বিশ্ববিদ্যালয়ে আজ হরতাল

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৬ই জুন (নিজস্ব সংবাদদাতার ফ্যাক্স)- কর্মসংস্থানের দাবিতে আন্দোলনরত বিশ্ববিদ্যালয়ের পশুপালন অনুষদের ছাত্ররা আগামীকাল ৬ই জুন বিশ্ববিদ্যালয়ে হরতালের ডাক দিয়েছে। হরতাল চলাকালে ক্লাস, সাময়িক পরীক্ষা, অফিস বন্ধ রাখার হরতাল : পৃঃ ২ কঃ ৮

### হরতাল : কৃষি বিশ্ববিদ্যালয়ে (১ম পৃষ্ঠার পর)

ঘোষণা দিলেও অনুষদের নেতৃবৃন্দ বিভিন্ন পর্বের সমাপনী, পরীক্ষাসমূহ হরতালের আওতাভুক্ত থাকবে বলে জানিয়েছেন।

এ অনুষদের ছাত্ররা গত ১লা জুন অনুষদ ভবনে তালা ঝুলিয়ে দিয়েছে। ফলে

এ অনুষদটি প্রকৃতপক্ষে বন্ধ রয়েছে। আগামীকাল ৬ই জুন থেকে শুরু হচ্ছে বিশ্ববিদ্যালয়ের প্রথম পর্ব (১৯৯৩-৯৪)-এর ভর্তি পরীক্ষার উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ভর্তি। এ হরতালের ফলে ভর্তি প্রক্রিয়া বিঘ্নিত হবে বলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের দায়িত্বশীল একজন জানিয়েছেন।